



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৪৫/২০১৬/ ২৪২৪৩

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

পোমরা জামেউল উলুম ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ পোমরা, উপজেলাঃ রাঙ্গুনিয়া, জেলাঃ চট্টগ্রাম-এর ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪.০৫.২০২৪ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৪ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. মাদ্রাসার প্রধান ফটকে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
২. অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ এবং সংযুক্ত টয়লেটসহ পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
৩. ছাত্রীদের জন্য সংযুক্ত টয়লেটসহ কমনরুম এবং ছাত্রী-শিক্ষিকা উভয়ের জন্য নামাজের ব্যবস্থা থাকতে হবে।
৪. মাদ্রাসা আঙ্গিনার চারপাশ এবং শ্রেণিকক্ষসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে হবে এবং কক্ষসমূহে পর্যাপ্ত লাইট ও পাখার ব্যবস্থা থাকতে হবে।
৫. শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা বৃদ্ধির জন্য ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক “ভাষা ক্লাব” গঠন করতে হবে।
৬. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

পোমরা জামেউল উলুম ফাজিল মাদ্রাসা


ডাকঘরঃ পোমরা, উপজেলাঃ রাঙ্গুনিয়া, জেলাঃ চট্টগ্রাম।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-৪৫/২০১৬/ ২৪২৪৩

তারিখ: ০৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পোমরা জামেউল উলুম ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ পোমরা, উপজেলাঃ রাঙ্গুনিয়া, জেলাঃ চট্টগ্রাম।
৭. অফিস নথি।



(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮